গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ৩১৮৩

তারিখ ২৫ বৈশাখ ১৪৩১ ব:
০৮ মে ২০২৪ খ্রি.

## ২০২১ সালের (নতুন সিলেবাস, শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসি প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার (নতুন সিলেবাস) আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষার্থী হিসেবে যাদের নাম নিবন্ধিত এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (অনিয়মিত/প্রাইভেট) শিক্ষার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষার আবেদন ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। *http://ems.nu.ac.bd/student-login* লিংকে প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই ডাউনলোডপূর্বক ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**১। আবেদন ফরম পূরণ ও জমাদানের সময়সূচি**

| তারিখ | বিষয়ের নাম | সময় | ফরম পূরণের স্থান | |
|---|---|---|---|---|
| | | | নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন | প্রাইভেট |
| ১২/০৫/২০২৪ থেকে ১৬/০৫/২০২৪ পর্যন্ত | সকল বিষয় | সকাল-১০টা থেকে বেলা-০২টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ | - |
| ১২/০৫/২০২৪ থেকে ১৬/০৫/২০২৪ পর্যন্ত | সকল বিষয় (প্রাইভেট) | ঐ | - | লাইব্রেরি পূর্ব বারান্দা |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নের প্রিন্টকৃত বিবরণী মূল কপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী **সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট শিক্ষক মিলনায়তনে আগামী ১৯/০৫/২০২৪ তারিখ বেলা ১:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।**

**২। পরীক্ষার ফিস জমা: নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদেরকে DBBL এবং প্রাইভেট কোর্সের পরীক্ষার্থীদেরকে ক্যাশ শাখায় ফরম পূরণের যাবতীয় ফি জমা দিতে হবে)**

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) মাস্টার্স ১ম পর্ব রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।
খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
গ) পরীক্ষার পূরণকৃত আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
ঘ) অনলাইনে টাকা পরিশোধের Conformation Slip স্ব স্ব বিভাগের জমা দিতে হবে।

**৪। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি :**

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| খ. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| গ. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- |
| ঘ. | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঙ. | কেন্দ্র ফি (তত্ত্বীয়) কলেজে জমা হবে | ৪৫০/- |
| চ. | কেন্দ্র ফি (ব্যবহারিক) কলেজে জমা হবে | ২০০/- |
| ছ. | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>ii) কলেজে জমা হবে ২০০/- | ৩০০/- |
| জ. | সমাজকর্ম এবং ভূগোল ও পরিবেশ বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে | ১,০০০/- |

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)

| ক্রম | বিবরণ | | মোট ফি |
|---|---|---|---|
| ক. | এম.এ, এম.এস.এস, এম.বি.এস, সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-<br>প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে | | ২৮৫০/-<br>২৮৫০/-(প্রাইভেট) |
| খ. | এম.এস.সি সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-- | | ২৮৫০/- |
| ঙ. | শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য) | | ১১০০/- |
| চ. | ডাটা এন্ট্রি (প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে) | | ১০০/- |
| ছ. | ব্যবস্থাপনা ফি | | ৫০/- |
| ঝ. | **ল্যাবরেটরি চার্জ** | ১ দিনের পরীক্ষার জন্য প্রতি পরীক্ষার্থী (কলেজে জমা হবে) | ১৩০/- |
| | | পরবর্তী প্রতি দিনের জন্য প্রতি পরীক্ষার্থী (কলেজে জমা হবে) | ৭৫/- হারে |

৫। **পরীক্ষার ফিস জমা:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে DBBL এর নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরম পূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Masters/formfillup* লিংকে প্রবেশ করে নিজের আইডি নং ও লেভেল নির্বাচন করার পর Next বাটন চেপে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করে নিবে।

(খ) **অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ছাত্র-ছাত্রীদেরকে DBBL মোবাইল এ্যাকাউন্টের পেমেন্ট অপশনে যাওয়ার আগে নিজের invoice তৈরি করে নিতে হবে।** এজন্য *http://180.211.183.206/EasyCollegeMate/public/Masters/formfillup* লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর নিজের আইডি নং ও লেভেল নির্বাচন করে Next বাটনে চেপে বিষয় সংখ্যা নির্বাচন করার পর Next বাটনে চাপলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসবে। তারপর নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ রিফ্রেস করে অথবা পুনরায় অনুরূপভাবে উক্ত লিংকে গিয়ে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করবে।

### DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার Class ID (উদাহরণঃ 2018311001) দিন
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

***বি:দ্র:-১* নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

বি:দ্র:-২ (ক) অনলাইনে এন্ট্রিকৃত মুল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(খ) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(গ) **রেজি: কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজি: কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড কোনভাবেই সংশোধন করা যাবে না।**

৬। **পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও প্রয়োজনীয় শর্তাবলী :**

(ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে:

(খ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২১ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে 'F' পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় সে সকল পত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী 'C' বা 'D' গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ০২ (দুই) টি পত্রে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষা উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।

(ঙ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী CGPA 2.50 এর নীচে পেয়েছে এবং যে সকল পত্রে/কোর্সে 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল পত্রের/কোর্সের সর্বোচ্চ ০২ (দুই) টি পত্রে/কোর্সে অংশ নিয়ে গ্রেড এবং এবং CGPA উন্নয়নে অংশগ্রহণ করতে পারবে।

৭। পাঠ্যসূচি: (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষবর্ষের গ্রেডিং পদ্ধতির পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে)

ক) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০২১ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি প্রিলিমিনরী টু মাস্টার্স পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) শুধুমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।

উল্লেখ্য, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

৮। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারী নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট *http://103.113.200.30/masters_part1_new/student/* এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে।

(খ) পরীক্ষার্থীকে সতর্কতার সাথে নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে। যেসব কোর্সে একাধিক কোর্স থেকে কোর্স নির্বাচনের বিধান আছে সেক্ষেত্রে কোর্স নির্বাচন সঠিকভাবে করতে হবে। ফরম পূরণের পর কোর্স পরিবর্তন করা যাবে না।

৯। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (বিভাগের জন্য):

(ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)- এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে *http://nubd.info/formfillup/* এর সংশ্লিষ্ট স্তরে **College login** বাটন অথবা সরাসরি *http://103.113.200.30/masters_part1_new/login.php* লিংকে প্রবেশ করে নিশ্চয়ন করে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটের College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১(এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১(এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর **নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।**

(গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অনলাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে Online এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

(ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

(ঙ) **টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও ম্যাথ ল্যাব পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়েল নম্বরকে (বিভাগীয় প্রধান, আন্তঃ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসাবে ধরা হবে।**

১০। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলি:

ক) বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি করে প্রিন্ট আউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর মূল কপিটির টপশিটে কর্মরত শিক্ষক (মোবাইল নম্বরসহ) তালিকার কপিসহ বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বিষয়ভিত্তিক কর্মরত শিক্ষক তালিকাসহ বাঁধাইকৃত বিবরণী ফরম স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।

**বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ৩৮৬৩ (২৭)

তারিখ ২৫ বৈশাখ ১৪৩১ ব:
০৮ মে ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। আইসিটি বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষা কমিটি-২০২১, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৬। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ 08/05/2024
রাজশাহী কলেজ, রাজশাহী।
08/05/2024